



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

নং ডি.এস.ডাব্লিউ/বিবিধ/ডি.আর.-৪৫৭ (অঃ)

তারিখ : ২৪/০২/২০১৭

বিশেষ জরুরী বিজ্ঞপ্তি


এই বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদেরসহ অন্যান্য শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের ক্লাশ আগামী ২৫ ফেব্রুয়ারী, ২০১৭ তারিখ শুরু হবে। গত ২২ ও ২৩ ফেব্রুয়ারী, ২০১৭ তারিখ নবাগত ছাত্র-ছাত্রীদের হলে ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে। নবাগত ছাত্র-ছাত্রীরা আবাসিক হলে অবস্থান করছে। নবাগত ছাত্র-ছাত্রীদেরকে সর্বাত্মক সহযোগীতা করার জন সিনিয়র সকল ছাত্র-ছাত্রীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। নবাগত ছাত্র-ছাত্রীদের সাথে পরিচিত হওয়ার নামে নবাগত কোন শিক্ষার্থীকে বিব্রত করা বা শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করা যাবে না। হলে নবাগত কোন শিক্ষার্থী/শিক্ষার্থীদের সাথে পরিচিত হওয়ার জন্য সংশ্লিষ্ট হলের প্রভোস্ট এর পূর্ব অনুমতি ব্যতীত নবাগত কোন শিক্ষার্থীকে রুমে ডেকে নেয়া যাবে না। নবাগত কোন শিক্ষার্থীকে কোন সিনিয়র শিক্ষার্থী র্যাগিং এর নামে অথবা অন্য কোনভাবে কোনরূপ হয়রানি করলে বা তাদের সাথে কোনরূপ অশোভন আচরণ করলে সংশ্লিষ্ট দোষী শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী অপরাধভেদে হল থেকে বহিস্কার/আর্থিক জরিমানা/এমনকি বিশ্ববিদ্যালয় থেকে চিরতরে বহিস্কার করা হবে।

ইতিপূর্বে র্যাগিং/বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা পরিপন্থি কার্যকলাপের সাথে জড়িত থাকার অভিযোগ প্রমানিত হওয়ায় বেশ কিছু শিক্ষার্থীকে শৃঙ্খলা পরিপন্থি কার্যকলাপের জন্য তাদের অপরাধ নির্ধারণ পূর্বক বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কারসহ বিভিন্ন শাস্তি প্রদান করা হয়েছে।

এ ব্যাপারে সকল শিক্ষার্থীকে নিম্নোক্ত উশৃঙ্খল আচরণ থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে আহ্বান জানানো যাচ্ছে:

- ১) নবাগত ছাত্র-ছাত্রীদের সঙ্গে তার কক্ষে নিয়ে সাক্ষাৎ করা।
- ২) নবাগত ছাত্র-ছাত্রীদের সাথে খারাপ/উশৃঙ্খল আচরণ করা।
- ৩) এক সাথে সঙ্গবদ্ধ হয়ে নবাগতদের কক্ষে গমন করা এবং অসদাচরণ করা ইত্যাদি

যারা উপরোক্তভাবে এবং অন্য যে কোনভাবে শৃঙ্খলাভঙ্গ করবে তাদের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ এনে যথাশীঘ্র Disciplinary Action নেয়া হবে।


(অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার)
পরিচালক
ছাত্রকল্যাণ পরিদপ্তর।

বিতরণঃ

- ১। সকল বিভাগীয় প্রধান/পরিচালক প্র.বি.ঢাকা-অবগতি ও নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য।
- ২। সকল হল প্রভোস্ট, প্র.বি. ঢাকা-হলের নোটিশ বোর্ড এবং সংশ্লিষ্ট সকল ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য।
- ৩। বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড, বা.প্র.বি, ঢাকা।

Ragging
↑

Mr. Moodle site news (sub: Notice from DSW regarding Ragging)

Mr. Arafat